তারিখ . . [illegible].7 .MAY..2015 ... ...
পৃষ্ঠা ··· ৪ ··· কলাম···· ৫ ······

দৈনিক
ইত্তেফাক

বাংলাদেশ গণিত সমিতি

# ১৮-২০ ডিসেম্বর উনবিংশ আন্তর্জাতিক গণিত সম্মেলন

বাংলাদেশ গণিত সমিতির ২০১৪-২০১৫ কার্যকরী সংসদের জরুরি সভা গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের সভাকক্ষে সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানুর সভাপতিত্বে এবং সমিতির সম্পাদক প্রফেসর ড. মো. শহীদুল ইসলামের পরিচালনায় অনুষ্ঠিত হয়। সভায় সমিতির সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ আগামী ১৮-২০ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে 'উনবিংশ আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৫' আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর অমূল্য চন্দ্র মণ্ডল, লায়ন মো. আকতারুজ্জামান, প্রফেসর জাহানারা বেগম, ড. সালমা পারভীন প্রমুখ।—প্রেস বিজ্ঞপ্তি